

সংবাদ বিজ্ঞপ্তিঃ

ইউজিসির নবনিযুক্ত সদস্য অধ্যাপক ড. হাসিনা খানের সঙ্গে  
নোবিপ্রবি উপাচার্যের সৌজন্য সাক্ষাৎ

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) নবনিযুক্ত মাননীয় সদস্য অধ্যাপক ড. হাসিনা খানের সঙ্গে বৃহস্পতিবার (৭ সেপ্টেম্বর ২০২৩) তার কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) দ্বিতীয় মেয়াদে নিযুক্ত মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম। এ সময় ইউজিসির মাননীয় সদস্যকে ফুলেল শুভেচ্ছা জানান নোবিপ্রবির মাননীয় উপাচার্য।

সৌজন্য সাক্ষাৎ ও শুভেচ্ছা বিনিময়কালে আরো উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর ও নোবিপ্রবি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এস এম মাহবুবুর রহমান।

সাক্ষাৎকালে মাননীয় উপাচার্য নোবিপ্রবির শিক্ষা ও গবেষণা কার্যক্রম বিষয়ে ইউজিসির মাননীয় সদস্যকে অবহিত করেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের সার্বিক উচ্চশিক্ষা কার্যক্রম ও অবকাঠামো উন্নয়নের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সহযোগিতা চান মাননীয় উপাচার্য।

প্রসঙ্গত গত মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. হাসিনা খানকে ইউজিসির সদস্য পদে নিয়োগ দিয়ে প্রজ্ঞাপন জারি করে শিক্ষা মন্ত্রণালয়। আজ বৃহস্পতিবার মাননীয় সদস্য কমিশনে যোগ দিয়েছেন।

R. K. M. M.

রাহমান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।